THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
JOEL I. KLEIN, *Chancellor*
OFFICE OF THE CHANCELLOR
52 Chambers Street, New York, New York 10007

প্রতি: রিজিওন্যাল সুপারিন্টেন্ডেন্ট, লোকাল ইনস্ট্রাকশনাল সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ-এর সুপারিন্টেন্ডেন্ট, বিকল্প হাই স্কুল ও কর্মসূচির সুপারিন্টেন্ডেন্ট, ক্ষমতায়ন স্কুলসমূহের জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তা, যুব উন্নয়নের জ্যেষ্ঠ পরিচালক, আঞ্চলিক পরিচালনা কেন্দ্রসমূহের পরিচালক, বিভাগ ও অফিসসমূহের প্রধান, সকল দিবা স্কুলের প্রিন্সিপ্যাল, পি.এ. (প্যারেন্ট অ্যাসোসিয়েশন, পিতামাতা সমিতি) / পি.টি.এ. (প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন, পিতামাতা-শিক্ষক সমিতি) সভাপতি, ইউ.এফ.টি. (ইউনাইটেড ফেডারেল টিচার এসোসিয়েশন) সভাপতি, সি.এস.এ. (সিটিভিত্তিক শিক্ষার্থী উপদেষ্টা পরিষদ) সভাপতি, ডি.সি. থার্টি সেভেন ডাইরেক্টর অব স্কুল ডিভিশন

প্রেরক: ক্যাথলিন গ্রিম
আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলর

বিষয়: ২০০৭/২০০৮ স্কুল বছরের ক্যালেন্ডার

তারিখ: মে ১০, ২০০৭

ভূমিকা

নিচে প্রদত্ত স্কুল বছরের ক্যালেন্ডার নির্দেশ করে যে, সকল শিক্ষার্থীর জন্য স্কুল অধিবেশন শুরু হবে মঙ্গলবার, সেপ্টেম্বর ৪, ২০০৭ তারিখে, এবং একটি মধ্যশীতের অবকাশ (সোমবার, ফেব্রুয়ারি ১৮ থেকে শুক্রবার, ফেব্রুয়ারি ২২, ২০০৮ পর্যন্ত) অন্তর্ভুক্ত করে। এটি প্রতিফলিত করে যে মঙ্গলবার, নভেম্বর ৬, ২০০৭, এবং বৃহস্পতিবার, জুন ৫, ২০০৮ তারিখে, পাঁচটি বরোর সবগুলোতে শিক্ষার্থীরা উপস্থিত থাকবে **না**, কিন্তু পাঁচটি বরোর সবগুলোর স্কুলগুলি কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবসের আয়োজন করবে। কোনো ব্যতিক্রম ছাড়া ক্যালেন্ডার অবশ্যই অনুসরণ করতে হবে, যদি না সম্মিলিত আলোচনার মাধ্যমে অর্জিত চুক্তি বা অন্য কোনো কারণে পরবর্তী পরিবর্তনের বিজ্ঞপ্তি হস্তগত হয়, তবে এইসকল অন্য কারণগুলো সম্মিলিত আলোচনা বা আইনগত বাধ্যবাধকতার সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

২০০৭

অগাস্ট	২৭,	সোমবার	নিচে উল্লিখিত কর্মীবৃন্দ উপস্থিত থাকবেন: অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল ও স্কুল-ভিত্তিক মাধ্যমিক সুপারভাইজারবৃন্দ যারা বর্ধিত কর্ম বছরে কাজ করার জন্য মনোনীত হননি।
অগাস্ট	৩০,	বৃহস্পতিবার	শ্রেণি শিক্ষক, স্কুল ও কম্যুনিটি সম্পর্কের দ্বিভাষী শিক্ষক, গাইডেন্স কাউন্সিলর, উপস্থিতির তথ্য সংরক্ষণকারী শিক্ষক, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি বিশেষজ্ঞ ও টেকনিশিয়ান, শিক্ষা ক্ষেত্রে আধা-পেশাজীবীবৃন্দ (স্কুল সেক্রেটারী, মনোবিদ ও সমাজ কর্মী ব্যতীত) একটি পেশাগত দিবস – সাধারণ কর্মী পরিচিতি-এর জন্য উপস্থিত থাকবেন। স্কুল সেক্রেটারী, মনোবিদ ও সমাজ কর্মীরা একটি নিয়মিত কর্মদিবসে উপস্থিত থাকবেন। যে সব কর্মীদের পদবি উল্লেখ করা হয়নি তারা প্রযোজ্য সম্মিলিত আলোচনা চুক্তি পর্যালোচনা করবেন। শিক্ষার্থীরা উপস্থিত থাকবে <u>না</u>।
অগাস্ট	৩১,	শুক্রবার	কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবস (স্কুল সেক্রেটারী, মনোবিদ ও সমাজ কর্মীদের জন্য একটি নিয়মিত কর্মদিবস)। শিক্ষার্থীরা উপস্থিত থাকবে <u>না</u>।
সেপ্টেম্বর	৩,	সোমবার	শ্রম দিবস।
সেপ্টেম্বর	৪,	মঙ্গলবার	সকল শিক্ষার্থীদের জন্য স্কুল অধিবেশন শুরু।* ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ ব্যতীত অন্যান্য ডিস্ট্রিক্টের শুধুমাত্র কিন্ডারগার্ডেনের শিক্ষার্থীদের জন্য তাড়াতাড়ি ছুটি।
সেপ্টেম্বর	৫,	বুধবার	শুধুমাত্র কিন্ডারগার্ডেনের শিক্ষার্থীদের জন্য তাড়াতাড়ি ছুটি।

সেপ্টেম্বর	১৩,	বৃহস্পতিবার	রস হাসানাহ্
	১৪,	শুক্রবার	
অক্টোবর	৮,	সোমবার	কলম্বাস ডে পালন
নভেম্বর	৬,	মঙ্গলবার	নির্বাচনের দিন কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবস। রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মূল্যায়ন সম্পর্কিত। শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না।
নভেম্বর	১২,	সোমবার	ভেটেরানস্ ডে পালন
নভেম্বর	২২,	বৃহস্পতিবার এবং	
নভেম্বর	২৩,	শুক্রবার	থ্যাংকসগিভিং-এর ছুটি
ডিসেম্বর	২৪,	সোমবার থেকে শুরু এবং	শীতকালীন অবকাশ (এতে অন্তর্ভুক্ত রয়েছে ক্রিসমাস ও নববর্ষের দিন), শিক্ষার্থীরা স্কুলে ফিরে আসবে বুধবার, জানুয়ারি ২ তারিখে।
জানুয়ারি	১,	মঙ্গলবার পর্যন্ত	

* প্রিকিন্ডারগার্ডেনের শিক্ষার্থীদের জন্য একটি পৃথক ক্যালেন্ডার ইস্যু করা হবে।

২০০৮

জানুয়ারি	২১,	সোমবার	ড. মার্টিন লুথার কিং, জুনিয়র দিবস
জানুয়ারি	২৮,	সোমবার	ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ ব্যতীত অন্যান্য ডিস্ট্রিক্টের হাই স্কুলগুলো জানুয়ারি ২২ তারিখ থেকে জানুয়ারি ২৫ তারিখ পর্যন্ত রিজেন্টস্ পরীক্ষা পরিচালনা করলে, স্থান নির্ধারণ, পুনর্গঠন পরিকল্পনা, ও পেশাগত উন্নয়নের সুবিধার জন্য শিক্ষার্থীরা জানুয়ারি ২৮ তারিখে উপস্থিত থাকবে না। যে সকল হাই স্কুল রিজেন্টস্ পরীক্ষা পরিচালনা করবে না, তারা জানুয়ারি ২৮ তারিখে নিয়মিত সময়সূচি অনুযায়ী ক্লাস পরিচালনা করবে।
জানুয়ারি	২৯,	মঙ্গলবার	হাই স্কুল শিক্ষার্থীদের জন্য হেমন্তকালীন পর্বের সমাপ্তি। হাই স্কুলের কোনো শিক্ষার্থী উপস্থিত থাকবে না। সবগুলো হাই স্কুলে রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মূল্যায়ন সম্পর্কিত চ্যান্সেলরের সম্মেলন দিবস। অন্য সব শিক্ষার্থীরা উপস্থিত থাকবে। (জানুয়ারি ২৮ ও ২৯ তারিখে হাই স্কুল শিক্ষার্থীদের উপস্থিতি সম্পর্কে বিস্তারিত জানার জন্য নিচে অনুচ্ছেদ ৪ ও ৫ দেখুন।)
জানুয়ারি	৩০,	বুধবার	হাই স্কুল শিক্ষার্থীদের জন্য বসন্তকালীন পর্ব শুরু
ফেব্রুয়ারি	১৮,	সোমবার থেকে	মধ্যশীতের অবকাশ (ওয়াশিংটনের জন্মদিন সহ)
ফেব্রুয়ারি	২২,	শুক্রবার	
মার্চ	২১,	শুক্রবার	গুড ফ্রাইডে
এপ্রিল	২১,	সোমবার থেকে শুক্রবার	বসন্তকালীন অবকাশ
এপ্রিল	২৫,		
মে	২৬,	সোমবার	মেমোরিয়াল ডে পালন
জুন	৫,	বৃহস্পতিবার	পাঁচটি বরোর সবগুলোতে রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মূল্যায়ন সম্পর্কে কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবস। স্কুলকর্মীরা কাজে উপস্থিত হবেন যদি তাদের সম্মিলিত আলোচনা চুক্তি অনুযায়ী তা আবশ্যক হয়। পাঁচটি বরোর সবগুলোতেই শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না।

জুন	১৭,	মঙ্গলবার	রিজেন্টস্ পরীক্ষার সময় শুরু হয় বিকালে। সকল শিক্ষার্থীরা সকালে স্কুলে অংশগ্রহণ করে।
জুন	২৬,	বৃহস্পতিবার	ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ ব্যতীত অন্যান্য ডিস্ট্রিক্টের হাই স্কুলগুলো জুন ১৭ তারিখ থেকে জুন ২৫ তারিখ পর্যন্ত রিজেন্টস্ পরীক্ষা পরিচালনা করলে, রিজেন্টস্ রেটিং ডে, বৃহস্পতিবার জুন ২৬ তারিখে শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না। অন্য সকল শিক্ষার্থীদের জন্য স্কুলের শেষ দিন। নিচে অনুচ্ছেদ ১২-তে বর্ণিত নির্দেশনার রূপরেখা অনুযায়ী এই সকল শিক্ষার্থীদের জন্য বৃহস্পতিবার জুন ২৬ তারিখে তাড়াতাড়ি ছুটির সময় নির্ধারণ করা হবে। সকল শ্রেণি শিক্ষক, স্কুল ও কম্যুনিটি সম্পর্কের দ্বিভাষী শিক্ষক, উপস্থিতির তথ্য সংরক্ষণকারী শিক্ষক, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি বিশেষজ্ঞ ও টেকনিশিয়ানদের জন্য শেষ দিন এবং আধা-পেশাজীবীদের জন্য শেষ দিন।
জুন জুন	২৭, ৩০,	শুক্রবার ও সোমবার	শ্রেণি শিক্ষক, স্কুল ও কম্যুনিটি সম্পর্কের দ্বিভাষী শিক্ষক, সকল শ্রেণি শিক্ষক, স্কুল ও কম্যুনিটি সম্পর্কের দ্বিভাষী শিক্ষক, উপস্থিতির তথ্য সংরক্ষণকারী শিক্ষক, নার্স, থেরাপিস্ট, ল্যাবরেটরি বিশেষজ্ঞ ও টেকনিশিয়ান এবং আধা-পেশাজীবী ব্যতীত অন্য সকল কর্মীবৃন্দ উপস্থিত থাকবেন।

স্কুল বছরের ক্যালেন্ডার নিচের উপলব্ধিগুলোকে অন্তর্ভুক্ত করে:

- চ্যান্সেলরের সম্মেলন দিবস দুইটি ব্যবহার করতে হবে রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মূল্যায়ন সম্পর্কিত কর্মী উন্নয়নের জন্য (প্রাথমিক ও মাধ্যমিক স্কুলে নভেম্বর ৬ ও জুন ৫ তারিখে, এবং হাই স্কুলে নভেম্বর ৬ ও জানুয়ারি ২৯ তারিখে);

- এই ক্যালেন্ডার পরবর্তী পরিবর্তনকে নিবৃত্ত করে না যা সম্মিলিত আলোচনা চুক্তি বা অন্য কোনো কারণে করা যেতে পারে, কিন্তু কোনো অবস্থাতেই এই ক্যালেন্ডার বা পরবর্তী পরিবর্তনগুলো স্টেটের অনুদান নষ্টের কারণ হতে পারবে না;

- শিক্ষার্থীদেরকে আগে ছুটি দেয়ার ফলে সকল সংক্ষিপ্ত অধিবেশন এবং এই ক্যালেন্ডারে অন্য যে কোনো পরিবর্তন অবশ্যই আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলর কর্তৃক অনুমোদিত হতে হবে, এবং পিতামাতাদেরকে অবশ্যই ৪ সপ্তাহ আগে যথাযথ বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;

- আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলরের পূর্ব-অনুমোদন ব্যতীত এই সিটিভিত্তিক স্কুল বর্ষের ক্যালেন্ডার লঙ্ঘন করে কোনো স্কুল বন্ধ থাকলে বা অধিবেশন সংক্ষিপ্ত (নিচে অনুচ্ছেদ ৮-এ বর্ণিত) করার সময়সূচি নির্ধারণ করলে, চ্যান্সেলর আইন কর্তৃক তার উপর অর্পিত ক্ষমতা প্রয়োগ করবেন।

- স্টেটের অনুদান কমে যাওয়ার ঝুঁকি পরিহার করার জন্য, এবং শিক্ষার্থীদের জন্য বাসের সময়সূচির প্রভাব সীমিত করার জন্য, আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলরের পূর্বঅনুমোদন ব্যতীত কোনো স্কুল বন্ধ থাকবে না অথবা অধিবেশন সংক্ষিপ্ত করবে না (নিচে অনুচ্ছেদ ৮-এ বর্ণিত)।

নিচে উল্লিখিত বিষয়গুলোর প্রতিও লক্ষ্য রাখতে হবে:

১. ২০০৭-২০০৮ স্কুল বছরের ক্যালেন্ডার সিটি স্কুল ডিস্ট্রিক্টের সবগুলো স্কুলে স্টেট অনুদানযোগ্য ন্যূনতম ১৮০ দিনের স্টেট শিক্ষা বিভাগের শর্ত পূরণ করে।

২. প্রাক্তন 'দীর্ঘায়িত সময়ের স্কুলগুলোর' সকল শিক্ষকবৃন্দ অন্য স্কুলগুলোর শিক্ষকদের মতো একই মৌলিক সময়সূচি অনুযায়ী কাজ করবেন: ছয় ঘন্টা ও ২০ মিনিট এবং সেইসাথে দিনের শেষে ৩৭.৫ মিনিটের অধিবেশন, সোমবার থেকে বৃহস্পতিবার।

৩. সবগুলো স্কুল রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মূল্যায়ন সম্পর্কিত কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবস উপলক্ষে সিটিব্যাপী নির্বাচনের দিন, মঙ্গলবার, নভেম্বর ৬, ২০০৭ তারিখে খোলা থাকবে, এবং এছাড়াও রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মূল্যায়ন সম্পর্কিত কর্মী উন্নয়নের জন্য চ্যান্সেলরের সম্মেলন দিবস উপলক্ষে বৃহস্পতিবার, জুন ৫, ২০০৮ তারিখে সবগুলো বরোতে খোলা থাকবে। নভেম্বর ৬, ২০০৭ ও জুন ৫, ২০০৮ উভয় তারিখে, পাঁচটি বরোর সবগুলোর শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না।

৪. ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের অন্তর্ভুক্ত নয় এমন সবগুলো হাই স্কুলে, জানুয়ারি ২২-২৫ তারিখে যোগ্য শিক্ষার্থীদের জন্য রিজেন্টস্ পরীক্ষা পরিচালনা করা হবে। রিজেন্টস্ পরীক্ষা পরিচালনাকারী হাই স্কুলগুলোতে, স্থান নির্ধারণ, পুনর্গঠন পরিকল্পনা, ও পেশাগত উন্নয়নের সুবিধার জন্য শিক্ষার্থীরা জানুয়ারি ২৮ তারিখে উপস্থিত থাকবে না। যে সকল হাই স্কুল রিজেন্টস্ পরীক্ষা পরিচালনা করবে না, তারা জানুয়ারি ২৮ তারিখে নিয়মিত সময়সূচি অনুযায়ী ক্লাস পরিচালনা করবে।

৫. রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মূল্যায়ন সম্পর্কিত পেশাগত উন্নয়নের জন্য সকল হাই স্কুল জানুয়ারি ২৯ তারিখকে নির্ধারণ করবে। জানুয়ারি ২৯ তারিখে হাই স্কুলের কোনো শিক্ষার্থী উপস্থিত থাকবে না। ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের হাই স্কুল পর্যায়ের শিক্ষার্থীরা জানুয়ারি ২৮ ও ২৯ তারিখে উপস্থিত থাকবে। বুধবার জানুয়ারি ৩০ তারিখে পূর্ণ দিবসের শিক্ষানির্দেশনা সহ হাই স্কুলের বসন্তকালীন পর্ব শুরু হবে।

৬. মঙ্গলবার, ফেব্রুয়ারি ১২, ২০০৮ তারিখে সবগুলো স্কুল খোলা থাকবে, এবং শিক্ষার্থীরা উপস্থিত থাকবে।

৭. স্কুল বর্ষের ক্যালেন্ডারে মধ্যশীতের ছুটি অন্তর্ভুক্ত রয়েছে।

৮. পেশাগত / চ্যান্সেলরের সম্মেলন দিবস, বিভিন্ন কারণে সংক্ষিপ্ত অধিবেশন, ও রিজেন্টস্ দিবসের কারণে, শিক্ষানির্দেশনা দিবসের মোট সংখ্যা (যে দিনগুলোতে শিক্ষার্থীরা স্কুলে উপস্থিত থাকে), স্টেটের অনুদানযোগ্য দিনের সংখ্যা থেকে ভিন্ন হতে পারে। একটি সংক্ষিপ্ত অধিবেশন হচ্ছে যে কোনো একটি দিন যখন কিন্ডারগার্ডেন থেকে গ্রেড ৬ পর্যন্ত শিক্ষার্থীদের জন্য ৫ ঘন্টার কম সময়ের শিক্ষানির্দেশনার জন্য স্কুল অধিবেশন পরিচালনা করে, এতে লাঞ্চের সময় ও নির্দিষ্ট শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের অতিরিক্ত অধিবেশন অন্তর্ভুক্ত নয়, অথবা অন্য যে কোনো দিন যখন গ্রেড ৭ থেকে উপরের দিকের শিক্ষার্থীদের জন্য ৫.৫ ঘন্টার কম সময়ের শিক্ষানির্দেশনার জন্য স্কুল অধিবেশন পরিচালনা করে, এতে লাঞ্চের সময় ও নির্দিষ্ট শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের অতিরিক্ত অধিবেশন অন্তর্ভুক্ত নয়।

৯. অনুদানযোগ্য দিনের গণনায় চ্যান্সেলরের সম্মেলন/রিজেন্টস্ পরীক্ষার দিন অন্তর্ভুক্ত থাকে। কমিশনারের প্রবিধান অনুযায়ী, চ্যান্সেলরের সম্মেলন দিবসের অন্তর্ভুক্ত থাকতে পারে সাধারণ কর্মীদের প্রাথমিক পরিচিতি, পাঠক্রম উন্নয়ন, চাকরিকালীন শিক্ষা, বা পিতামাতা-শিক্ষক বৈঠক। এগুলোর অন্তর্ভুক্ত থাকতে পারবে না নিয়মিত প্রশাসনিক বিষয়সমূহ যেমন পরীক্ষার খাতা বা শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট মূল্যায়ন, নথি সংরক্ষণ, বা পাঠ পরিকল্পনা।

১০. অংশত, নিচে উল্লিখিত সিটিভিত্তিক কেন্দ্রীয়ভাবে-নির্ধারিত সংক্ষিপ্ত অধিবেশনসমূহ স্কুল ক্যালেন্ডার বিবেচনা করে: আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলর কর্তৃক নির্ধারণযোগ্য, দুইটি পিতামাতা-শিক্ষক বৈঠকের সংক্ষিপ্ত অধিবেশন (একটি হেমন্তকালীন পর্বে এবং একটি বসন্তকালীন পর্বে), এবং আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলর কর্তৃক অনুমোদিত অন্যান্য সংক্ষিপ্ত অধিবেশনসমূহ। এই সকল সিটিভিত্তিক কেন্দ্রীয়ভাবে-নির্ধারিত সংক্ষিপ্ত অধিবেশন সম্পর্কে পৃথক বিজ্ঞপ্তি পরে পাঠানো হবে। নিচে অনুচ্ছেদ ১২-তে বর্ণিত নির্দেশনার রূপরেখা অনুযায়ী, স্কুলের শেষ দিনে শিক্ষার্থীদের জন্য তাড়াতাড়ি ছুটির সময় নির্ধারণ করা হবে।

১১. ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভ ব্যতীত অন্যান্য ডিস্ট্রিক্টের হাই স্কুলগুলো জুন ১৭ তারিখ বিকাল থেকে (শিক্ষার্থীরা জুন ১৭ তারিখ সকালে স্কুলে উপস্থিত হবে) জুন ২৫ তারিখ পর্যন্ত রিজেন্টস্ পরীক্ষা পরিচালনা করলে, রিজেন্টস্ রেটিং ডে,

বৃহস্পতিবার জুন ২৬ তারিখে হাই স্কুল শিক্ষার্থীরা উপস্থিত থাকবে না।

১২. শিক্ষার্থীদেরকে তাড়াতাড়ি ছুটি দেয়া সম্পর্কে, উপরে অনুচ্ছেদ ১১–তে বর্ণিতগুলো ছাড়া, স্কুলের শেষ দিন (বৃহস্পতিবার, জুন ২৬, ২০০৮), পিরিয়ডে উপস্থিতির প্রতিবেদনের উদ্দেশ্যে এই দিনকে শিক্ষানির্দেশনার জন্য একটি নিয়মিত দিবস হিশেবে নথিবদ্ধ করতে হবে, এবং স্কুলগুলোকে অবশ্যই নিচের নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে: শিক্ষার্থীদের জন্য স্কুলে উপস্থিত হওয়া আবশ্যক, গড় দৈনিক উপস্থিতির অংশ হিশেবে শিক্ষার্থীদের উপস্থিতির তথ্য অবশ্যই সংগ্রহ, নথিভুক্ত ও প্রকাশ করতে হবে, এবং শিক্ষার্থীরা প্রয়োজন অনুযায়ী নির্দেশনা এবং/অথবা পরামর্শ ও সহায়তা লাভ করবে। তাদের স্কুলে তাড়াতাড়ি ছুটির জন্য তারা যে সুনির্দিষ্ট সময় নির্ধারণ করেছে সেই সম্পর্কে স্কুলগুলো পিতামাতা ও শিক্ষার্থী পরিবহন দপ্তরকে ৪ সপ্তাহ আগে বিজ্ঞপ্তি প্রদান করতে হবে।

১৩. আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলরের কাছে সংক্ষিপ্ত অধিবেশনের অনুমোদনের জন্য, যথাসময়ে অনুরোধ জানানোর আগে, নিচে উল্লিখিতগুলো অবশ্যই বিবেচনা করতে হবে। যে সকল সপ্তাহে কিন্ডারগার্ডেন থেকে গ্রেড ৬ পর্যন্ত একটি মাত্র নির্ধারিত সংক্ষিপ্ত অধিবেশনের জন্য অনুরোধ জানানো হয়, স্কুলটিকে তখনো অবশ্যই ২৫ ঘন্টা শিক্ষানির্দেশনার অধিবেশনে থাকতে হবে, লাঞ্চের সময় ও নির্দিষ্ট শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের অতিরিক্ত অধিবেশনের সময় ছাড়া। ৪ দিনের কোনো সপ্তাহে (যেমন, ওই সপ্তাহে একদিন ছুটি থাকলে) সংক্ষিপ্ত অধিবেশনের সূচি নির্ধারণ করা হলে, সেই সপ্তাহে স্কুলটিকে অবশ্যই ২০ ঘন্টা শিক্ষানির্দেশনার অধিবেশনে থাকতে হবে, লাঞ্চের সময় ও নির্দিষ্ট শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের অতিরিক্ত অধিবেশনের সময় ছাড়া। ব্যতিক্রম সম্পর্কিত আরো ব্যাখ্যা ও তথ্য অনুরোধ সাপেক্ষে আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলারের কাছ থেকে পাওয়া যাবে।

১৪. একটি সপ্তাহে যখন, লাঞ্চের সময় ও নির্দিষ্ট শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের অতিরিক্ত অধিবেশনের সময় ছাড়া, কিন্ডারগার্ডেন থেকে গ্রেড ৬ পর্যন্ত শিক্ষার্থীদর জন্য ২৫ ঘন্টা শিক্ষানির্দেশনার সূচি নির্ধারণ করা হয়, অথবা ৪ দিনের সপ্তাহে ২০ ঘন্টা শিক্ষানির্দেশনার সূচি নির্ধারণ করা হয়, এবং আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলার কর্তৃক অনুমোদিত একটি সংক্ষিপ্ত অধিবেশনের সূচি নির্ধারণ করা হয়, তাহলে স্কুলগুলো পিরিয়ডের উপস্থিতির প্রতিবেদনের জন্য সেই সংক্ষিপ্ত অধিবেশনকে শিক্ষানির্দেশনার একটি নিয়মিত দিবস হিশেবে চিহ্নিত করতে পারে। গ্রেড ৭ ও উপরের গ্রেডের শিক্ষার্থীদের জন্য, নিচের অনুচ্ছেদ ১৫ দেখুন।

১৫. গ্রেড ৭ ও উপরের গ্রেডের ক্ষেত্রে, সাধারণত একটি সংক্ষিপ্ত অধিবেশনের ফলে স্কুলটি একটি সপ্তাহে নির্ধারিত ন্যূনতম আবশ্যক ২৭.৫ ঘন্টা শিক্ষানির্দেশনার সময়ের চেয়ে কম সময় অধিবেশনে থাকে, লাঞ্চের সময় ও নির্দিষ্ট শিক্ষার্থীদের জন্য ৩৭.৫ মিনিটের অতিরিক্ত অধিবেশনের সময় ছাড়া। সুতরাং, প্রায় সব ক্ষেত্রেই, গ্রেড ৭ ও উপরের গ্রেডের ক্ষেত্রে একটি সংক্ষিপ্ত অধিবেশন, যা অবশ্যই আর্থিক ও প্রশাসনিক ডেপুটি চ্যান্সেলার কর্তৃক অনুমোদিত হতে হবে, পিরিয়ডের উপস্থিতির প্রতিবেদনের জন্য শিক্ষানির্দেশনামূলক–নয় দিবস হিশেবে চিহ্নিত করতে হবে। মঙ্গলবার জুন ১৭, ২০০৮ তারিখ বিকালে রিজেন্টস্ পরীক্ষা শুরু, এবং স্কুলের শেষ দিন (বৃহস্পতিবার জুন ২৬, ২০০৮ – উপরে অনুচ্ছেদ ১২ দেখুন) তাড়াতাড়ি ছুটির ক্ষেত্রে ব্যতিক্রম প্রযোজ্য হবে। মঙ্গলবার জুন ১৭ তারিখ সকালে রিজেন্টস্ পরীক্ষা পরিচালনাকারী হাই স্কুলগুলোতে উপস্থিতির আবশ্যকতা পূরণ, এবং স্কুলের শেষ দিন (জুন ২৬) অনুচ্ছেদ ১২–এর শর্তাবলি পূরণ সাপেক্ষে, এই উভয় দিনকে পিরিয়ডের উপস্থিতির প্রতিবেদনের জন্য শিক্ষানির্দেশনার দিন হিশেবে চিহ্নিত করতে হবে।

১৬. ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের বাইরের কিন্ডারগার্ডেনগুলির জন্য, ১৮৪টি অনুদানযোগ্য দিন (ব্রুকলিন ও কুইন্সে ১৮৩), এবং ১৮৫টি শিক্ষানির্দেশনার দিন রয়েছে।

১৭. ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভের কিন্ডারগার্ডেন ও গ্রেড ১ থেকে ৬ পর্যন্ত সকল শিক্ষার্থীদের জন্য, ১৮৬টি অনুদানযোগ্য দিন (ব্রুকলিন ও কুইন্স ও ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভে ১৮৫) রয়েছে, যার মধ্যে ১৮৫টি হচ্ছে শিক্ষানির্দেশনার দিন।

১৮. সিটিব্যাপী গ্রেড ৭ ও ৮, এবং মাধ্যমিক স্কুলের গ্রেড ৯–এর জন্য, ১৮৫টি অনুদানযোগ্য দিন (ব্রুকলিন ও কুইন্স ও ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভে ১৮৪), এবং ১৮৫টি শিক্ষানির্দেশনার দিন রয়েছে।

১৯. হাই স্কুল পর্যায়ে গ্রেড ৯ থেকে ১২ পর্যন্ত শিক্ষার্থীদের জন্য, সবগুলো বরোতে ১৮৫টি অনুদানযোগ্য দিন (ব্রুকলিন ও কুইন্স ও ডিস্ট্রিক্ট সেভেনটি ফাইভে ১৮৫) রয়েছে, যার মধ্যে ১৮২টি হচ্ছে শিক্ষানির্দেশনার দিন (ডিস্ট্রিক্ট সেভেনটি

ফাইভে, ১৮৪টি অনুদানযোগ্য দিন এবং ১৮৫টি শিক্ষানির্দেশনার দিন রয়েছে)।

২০. কর্মী উন্নয়ন কার্যক্রমকে অবশ্যই আবশ্যক বা উচ্চ অগ্রাধিকারযুক্ত চাহিদাগুলো পূরণ করতে হবে, যার অন্তর্ভুক্ত রয়েছে সাক্ষরতা ও গণিতের জন্য 'শিশুরাই প্রথম' উদ্যোগের অধীনে নতুন সামগ্রিক, ব্যবস্থা–ব্যাপী শিক্ষানির্দেশনা পদ্ধতি, স্কুলে সহিংসতা প্রতিরোধ ও হস্তক্ষেপ, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য অখন্ডতা বাস্তবায়ন, নৈপুণ্যের প্রমিত মান, বিজ্ঞান শিক্ষা, মুল্যায়ন, ইত্যাদি, যেহেতু এগুলো সাধারণ, বিশেষ ও দ্বিভাষী শিক্ষার সাথে জড়িত। রিজেন্টস্ শিক্ষার উচ্চ প্রমিত মান ও মুল্যায়নের উপর অবশ্যই যথাযথ অভিনিবেশ করতে হবে যা প্রথম বুলেট ও উপরে অনুচ্ছেদ ৩ ও ৫–এ বর্ণনা করা হয়েছে।

২১. এই দিনগুলোতে স্কুল অধিবেশন পরিচালিত হবে না – শ্রম দিবস, রস হাসানাহ্ (২ দিন), কলম্বাস ডে পালন, ভেটেরানস্ ডে পালন (নভেম্বর ১১ তারিখ রবিবার হলে, শিক্ষা আইন অনুযায়ী সোমবার নভেম্বর ১২ তারিখে ভেটেরানস্ ডে পালিত হবে), থ্যাংকস্গিভিং ডে এবং থ্যাংকস্গিভিং–এর পরের দিন, শীতকালীন ছুটি (সোমবার ডিসেম্বর ২৪ থেকে মঙ্গলবার জানুয়ারি ১ তারিখ সহ সেই পর্যন্ত, এতে অন্তর্ভুক্ত রয়েছে ক্রিসমাস ও নববর্ষের দিন), ড. মার্টিন লুথার কিং, জুনিয়র দিবস, মধ্য–শীতের ছুটি (ফেব্রুয়ারি ১৮ থেকে ফেব্রুয়ারি ২২ তারিখ পর্যন্ত, এতে অন্তর্ভুক্ত রয়েছে ওয়াশিংটনের জন্মদিন), গুড ফ্রাইডে, বসন্তকালীন ছুটি (এপ্রিল ২১ থেকে এপ্রিল ২৫ পর্যন্ত ও সহ), এবং মেমোরিয়াল ডে। মঙ্গলবার নভেম্বর ৬, ২০০৭ তারিখ (নির্বাচনের দিন), এবং বৃহস্পতিবার জুন ৫, ২০০৮ তারিখে (অ্যানিভার্সারি ডে), কর্মী উন্নয়নের জন্য পাঁচটি বরোর সবগুলোতে চ্যান্সেলরের সম্মেলন দিবসের একটি সূচি নির্ধারণ করা হয়েছে। এই দুইটি দিনের কোনোটিতেই পাঁচটি বরোর সবগুলোর শিক্ষার্থীরা উপস্থিত থাকবে <u>না</u>। (শিক্ষা আইনের অনুচ্ছেদ ২৫৮৬ অনুযায়ী, অ্যানিভার্সারি ডে হচ্ছে জুন মাসের প্রথম বৃহস্পতিবার, অথবা জুন মাসের দ্বিতীয় বৃহস্পতিবার যখন প্রথম বৃহস্পতিবার মেমোরিয়াল ডে–এর সাথে একই সপ্তাহে পড়ে।) হাই স্কুলগুলোতে চ্যান্সেলরের সম্মেলন দিবসের সূচি নির্ধারণ করা হয়েছে মঙ্গলবার জানুয়ারি ২৯, ২০০৮ তারিখে।

২২. স্কুল বছরের ক্যালেন্ডার সম্পর্কে প্রযোজ্য ক্ষেত্রে সুপারিন্টেন্ডেন্ট, পিতামাতা প্রতিনিধি, বেসরকারি স্কুল কমিটি, এবং যথাযথ সম্মিলিত আলোচনা প্রতিনিধিদের সাথে আলোচনা/মধ্যস্থতা করা হয়েছে।